গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মন্ত্রিপরিষদ বিভাগ

## কল্যাণ ও অবসর সুবিধাদি সহজীকরণের লক্ষ্যে অনুষ্ঠিত লার্নিং সেশনের রেকর্ড নোটস্

| | | |
|---|---|---|
| সভাপতি | : | ড. শেখ আব্দুর রশীদ<br>মন্ত্রিপরিষদ সচিব |
| তারিখ ও সময় | : | ৬ অক্টোবর ২০২৫, সকাল ১০:৩০টা |
| স্থান | : | মন্ত্রিপরিষদ বিভাগের সভাকক্ষ (কক্ষ নম্বর: ৪০০) |
| উপস্থিতি | : | 'পরিশিষ্ট-ক' |

সভাপতি উপস্থিত কর্মকর্তাগণকে স্বাগত জানিয়ে সেশনের কাজ শুরু করেন। এরপর তিনি বলেন, পেনশনারদের কষ্ট লাঘবে কল্যাণ কর্মকর্তার দায়িত্ব সম্পর্কে সচেতনতা তৈরির জন্যই এই লার্নিং সেশনের আয়োজন। সভাপতির অনুমতিক্রমে মন্ত্রিপরিষদ বিভাগের যুগ্মসচিব (প্রশাসন) জনাব মোঃ আসাদুজ্জামান এ সংক্রান্ত তথ্য উপস্থাপন করেন। অতঃপর উপস্থিত সদস্যগণ আলোচনায় অংশ নেন এবং তাদের সুচিন্তিত অভিমত ব্যক্ত করেন।

২। বিস্তারিত আলোচনাক্রমে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

- সরকারি কর্মচারীদের পেনশন সহজীকরণ আদেশ, ২০২০ মোতাবেক প্রত্যেক মন্ত্রণালয়/বিভাগে একজন কল্যাণ কর্মকর্তা মনোনয়নপূর্বক অর্থ বিভাগকে অবহিত করতে হবে;
- কল্যাণ কর্মকর্তার প্রণোদনা ভাতা পুনর্বহালের বিষয়টি অর্থ বিভাগ বিবেচনা করবে;
- কল্যাণ কর্মকর্তাগণ তাদের দায়িত্ব ও কর্তব্য সম্পর্কে সচেতন হবেন এবং ভোগান্তি লাঘবে পরবর্তী এক বছরের মধ্যে অবসরগামী কর্মচারীদের সাথে যোগাযোগকরত প্রয়োজনীয় কাগজপত্র সংগ্রহে সার্বিক সহযোগিতা করবেন;
- প্রত্যেক মন্ত্রণালয়/বিভাগে কর্মচারীদের সার্ভিস বুক স্ক্যান করে সংরক্ষণ করতে হবে;
- পেনশন প্রাপ্তির জন্য অবসর গমনের তারিখের পূর্ববর্তী তিন বছরের কাগজপত্র সংরক্ষণ যথেষ্ট বলে বিবেচনা করা প্রয়োজন;
- মাসিক সমন্বয়সভার আলোচ্যসূচিতে অবসর গমনযোগ্য কর্মকর্তা-কর্মচারীদের তথ্য সংক্রান্ত বিষয়টি অন্তর্ভুক্ত করতে হবে;
- Ibas++ বাস্তবায়নের ফলে সরকারি কর্মচারীদের জন্য সহজীকৃত বেতন-ভাতা প্রদান, ছুটির হিসাব সংরক্ষণ ইত্যাদি কার্যক্রমে পেনশনারদের বিষয়গুলো অন্তর্ভুক্ত করা যায় কি-না অর্থ বিভাগ বিবেচনা করবে;
- শেষ বেতনের প্রত্যয়নপত্র (LPC) ও প্রত্যাশিত শেষ বেতনের প্রত্যয়নপত্র (ELPC) প্রাপ্তি সহজলভ্য করার লক্ষ্যে নির্বাহী বিভাগ ও চীফ অ্যাকাউন্টস এন্ড ফিন্যান্স অফিসারের কার্যালয়ের মধ্যে সমন্বয়ের বিষয়টি অনলাইনভিত্তিক করা যায় কি-না তা অর্থ বিভাগ বিবেচনা করবে;
- চাকরি অবসানে যৌথবীমা বাবদ প্রদেয় চাঁদার একটা অংশ কর্মচারীকে ফেরৎ দেওয়া যায় কি-না এ বিষয়ে জনপ্রশাসন মন্ত্রণালয় ও অর্থ বিভাগ বিবেচনা করতে পারে; এবং
- সরকারি কর্মকর্তা-কর্মচারী ও তাদের পরিবারের সদস্যদের চিকিৎসা সহায়তা সংক্রান্ত আবেদন বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ডে অগ্রায়নের বিষয়ে মন্ত্রণালয়/বিভাগের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার তথ্য (নাম, পদবি, ফোন ও মোবাইল নম্বর, ছবি) ওয়েবসাইটে আপলোড করতে হবে।